



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-II Examination, 2022

বাংলা

তৃতীয় পত্র

সময়: ৪ ঘণ্টা

পূর্ণমান: ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাটি প্রশ্রমানের নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। উদাহরণসহযোগে দলবৃত্ত (শ্বাসাঘাত প্রধান) ছন্দের প্রকৃতি এবং বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১২
- অথবা
- টীকা লেখোঃ (যে-কোনো তিনটি) ৪×৩ = ১২
দল, যতি, অমিত্রাক্ষর, মুক্তক, পয়ার।
- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি রচনা করোঃ ৪×২ = ৮
- (ক) শিবঠাকুরের আপন দেশে,
আইন কানুন সর্বনেশে।
কেউ যদি যায় পিছলে প'ড়ে,
প্যায়দা এসে পাকড়ে ধরে,
কাজির কাছে হয় বিচার –
একুশ টাকা দণ্ড তার।
- (খ) তোমার কীর্তির চেয়ে তুমি যে মহৎ
তাই তব জীবনের রথ
পশ্চাতে ফেলিয়া যায় কীর্তিরে তোমার
বারংবার
তাই
চিহ্ন তব পড়ে আছে, তুমি হেথা নাই।
- (গ) ছিনু মোরা, সুলোচনে, গোদাবরী তীরে,
কপোত-কপোতী যথা উচ্চ বৃক্ষ চূড়ে
বাঁধি নীড়, থাকে সুখে।
- (ঘ) ভুবনে জয়জয় নিতাই দয়াময় হরয়ে ভবভয় নিজগুণে।
অধম দূরগত তাহারে উনমত করই অবিরত প্রেমদানে॥

- ৩। উৎপ্রেক্ষা অলংকারের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও বিভাগগুলি উদাহরণসহ আলোচনা করো। ১২
- অথবা
- যে-কোনো দুটি অলংকারের উদাহরণসহ ব্যাখ্যা করোঃ ৬×২ = ১২
- যমক, নিরঙ্গ রূপক, বিরোধ, ব্যাজস্ততি, স্মরণোপমা, ব্যতিরেক।
- ৪। নিম্নলিখিত যে-কোনো দুটি উদ্ধৃতির অলংকার নির্ণয় করোঃ ৪×২ = ৮
- (ক) বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয়;
অসংখ্য বন্ধন মাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ।
- (খ) কেড়ে রেখেছি বক্ষে তোমার কমল কোমল পানি।
- (গ) জ্যোৎস্নাতরী বেয়ে তুমি
ধরার ঘাটে কে আজ এলে ?
- (ঘ) এ পুরীর পথ মাঝে যত আছে শিলা
কঠিন শ্যামার মতো কেহ নাহি আর।
- (ঙ) লুটায় মেখলাখানি ত্যজি কটিদেশ
মৌন অপমানে।
- ৫। বৈষ্ণব-পদাবলী সাহিত্যে ‘মাথুর’ পর্যায়ের গুরুত্ব কতখানি ? এই শ্রেণির পদের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব সংক্ষেপে লেখো। ৫+১০
- অথবা
- ‘প্রার্থনা’ ও ‘নিবেদন’ পর্যায়ের পদগুলি কি সমজাতীয় ? বিশ্লেষণসহ উভয়পদের বৈশিষ্ট্য নির্ণয় করো। ৫+১০
- ৬। ‘গিরিরাজ পুরুষ এবং গিরিরাণী নারী বলেই তাঁদের সন্তান-স্নেহের প্রকাশ ভিন্ন, চিন্তাধারাও ভিন্ন’
– আগমনী ও বিজয়ার পদ অবলম্বনে উক্ত মন্তব্যের তাৎপর্য পরিস্ফুট করো। ১৫
- অথবা
- অষ্টাদশ শতাব্দীতে শাক্ত পদাবলীর উদ্ভবের পিছনে রাষ্ট্রনৈতিক ও আর্থসামাজিক পটভূমিটি ভক্তের আকৃতি পর্যায় অবলম্বনে উদাহরণসহ আলোচনা করো। ১৫
- ৭। ‘মধ্যযুগীয় দেবদেবী-নির্ভরতা ও পূর্বনির্ধারিত আখ্যানকাঠামো অনুসরণ সত্ত্বেও কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী প্রায় আধুনিক ঔপন্যাসিকের মৌলিক প্রতিভার স্বাক্ষর রেখেছেন তাঁর কাব্যে’ — আলোচনা করো। ১৫
- অথবা
- ‘ফুল্লরার বারোমাস্যা’ অংশটির পরিচয় দিয়ে ফুল্লরার বারোমাসের দুঃখচিত্র বর্ণনায় মুকুন্দ চক্রবর্তীর দক্ষতার পরিচয় দাও। ৮+৭ = ১৫

৮।	“কর-যুগে নয়ন তিমির পয়ানক আশে। কর-কঙ্কণ-পণ ফণিমুখ বন্ধন শিখই ভুজগ-গুরু পাশে॥”	০.৫+০.৫ +০.৫ +০.৫= ৫
----	--	----------------------------

— ‘ভামিনী’, ‘পয়ানক’, ‘ভুজগ-গুরু’ শব্দ তিনটির অর্থ কী ? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

অথবা

“দেখিতে যে সুখ উঠে কি বলিব তা।

১+১+৩= ৫

দরশ পরশ লাগি আউলাইছে গা॥”

— কোন রসপর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃতাংশটির ব্যাখ্যা করো।

৯।	“অতি অবশেষে নিশি, গগনে উদয় শশী, বলে উমা, ধরে দে উহারে।”	১+১+৩
----	---	-------

— পদকর্তা কে ? কোন্ পর্যায়ের পদ ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

অথবা

“বিষের কৃমি বিষে থাকি মা, বিষ খেয়ে প্রাণ রাখি সদাই

১+১+৩

আমি এমন বিষের কৃমি মাগো, বিষের বোঝা নিয়ে বেড়াই।”

— পদকর্তা কে ? পর্যায়ের নাম কী ? উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

১০।	“বামন হইয়া হাত বাড়াইলে শশী। আখের ঘরে শোভা পাইবে উর্বরশী ॥”	১+১+৩
-----	---	-------

— কে, কাকে একথা বলেছে ? উক্তিটির নিহিতার্থ ব্যাখ্যা করো।

অথবা

“বড় নাম বড় গ্রাম বড় কলেবর ।

১+১+৩

লুকাইতে স্থল নাহি অরণ্য - ভিতর॥”

— কে, কাকে একথা বলেছে ? প্রসঙ্গটি ব্যাখ্যা করো।

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—X—